ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৯১

সোনামুড়া, ১৬ আগস্ট, ২০২৫

**ভারতবর্ষের সংস্কৃতির মূল আধার হচ্ছে গুরু শিষ্যের পরম্পরা ঃ উচ্চশিক্ষা মন্ত্রী**

ভারতবর্ষের সংস্কৃতির মূল আধার হচ্ছে গুরু শিষ্যের পরম্পরা। গুরুজনরাই আমাদের আলোর পথে এগিয়ে নিয়ে যান। আজ নলছড় দশমীঘাট কমিউনিটি হলে সিপাহীজলা জেলাভিত্তিক গুরুপূর্ণিমা উদযাপন উপলক্ষে আয়োজিত গুরুজন সম্মাননা অনুষ্ঠানের উদ্বোধন করে উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ একথা বলেন। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং নলছড় ব্লক পঞ্চায়েত সমিতির সহযোগিতায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উচ্চশিক্ষা মন্ত্রী বলেন, মা বাবাই হচ্ছেন প্রথম সর্বশ্রেষ্ঠ গুরু। গুরু শিষ্যের সম্পর্ককে আরও সুদৃঢ় করার লক্ষ্যেই এ ধরণের অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। গুরুর কাছ থেকেই নৈতিক মূল্যবোধ এবং আধ্যাত্মিক মূল্যবোধের শিক্ষা লাভ করা যায়। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিশিষ্ট সমাজসেবী উত্তম দাস, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা গৌতম দাস প্রমুখ। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন নলছড় পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান রীণা দেবনাথ, বিশিষ্ট সমাজসেবী লোকজিৎ দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে ৭ জন গুরুকে সম্মাননা প্রদান করা হয়।

*******